

■■ ইসলামী জ্ঞান: নিত্যদিনের প্রয়োজনে

বিভাগ/অধ্যায়ঃ আলিমগনের উক্তি এবং নসিহা রচয়িতা/সঙ্কলকঃ ড. আবু বকর মুহাম্মাদ যাকারিয়া

নিয়তের স্থান হলো অন্তর (হৃদয়)— জিহ্বা নয়

শাইখ মুহাম্মাদ ইবন সালেহ আল-উছাইমীন (রাহিমাহুল্লাহ) বলেছেন:

"নিয়তের স্থান হলো অন্তর (হৃদয়) — জিহ্বা নয়; সব ধরনের আমলের ক্ষেত্রেই এটি প্রযোজ্য। সুতরাং, কেউ যদি সালাত, সাওম, হজ, ওজু বা অন্য কোনো আমল করার আগে জিহ্বায় নিয়ত উচ্চারণ করে, তাহলে সে বিদআত (নব উদ্ভাবিত কাজ) করেছে এবং আল্লাহর দীন সম্পর্কে এমন কথা বলেছে যা এর অন্তর্ভুক্ত নয়।

কারণ, নবী ﷺ ওজু করতেন, সালাত আদায় করতেন, সদকা দিতেন, সাওম রাখতেন, হজ করতেন — কিন্তু তিনি কখনও বলেননি:

"আল্লাহুম্মা ইন্নী নাওয়াইতু আন আতাওয়াদ্দা,"

"আল্লাহুমা ইন্নী নাওয়াইতু আন উসাল্লি,"

"আল্লাহ্মা ইন্নী নাওয়াইতু আন আতাসাদাক,"

"আল্লাহুমা ইন্নী নাওয়াইতু আন আছম."

"আল্লাহুম্মা ইন্নী নাওয়াইতু আন আহুজ্জ।"

তিনি এসব কিছুই বলেননি,

কারণ নিয়ত অন্তরের বিষয় এবং আল্লাহ তা'আলা অন্তরের সব কিছু জানেন, তাঁর কাছে কিছুই গোপন থাকে না। যেমন আল্লাহ বলেন:

"বলুন, তোমরা যদি তোমাদের বুকে যা আছে তা গোপন রাখো অথবা প্রকাশ করো—আল্লাহ তা জানেন।" (সূরা আলে ইমরান, আয়াত ২৯)

- [শারহ রিয়াদুস সালিহীন, ১৩/১–১৪]

ফুটনোট

https://www.facebook.com/abubakar.m.zakaria/posts/pfbid02pjaWdfTMFbfZhir7Mat46u99C B92idEz7hdGAQyDkbk2D3nFU6kp3KaKyjre3FS6l

Source — https://www.hadithbd.com/books/link/?id=15170



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন